

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং - ১৫

তারিখ : ০৩ নভেম্বর ২০১৪
১৯ কার্তিক ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে নিবন্ধিত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর 'উল্লেখযোগ্য শেয়ার ধারক' সম্পর্কিত বিধি-বিধান।

ব্যাংক-কোম্পানী আইন ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৪খ ধারার (১) উপ-ধারায় কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কোম্পানী কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, একক বা অন্যের সাথে যৌথভাবে, কোনো ব্যাংক-কোম্পানীর মালিকানা স্বত্বের শতকরা পাঁচ ভাগের অধিক শেয়ার ধারণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের বিধান রয়েছে। উক্ত বিধানের সুষ্ঠু পরিপালন নিশ্চিতকল্পে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য ব্যাংকগুলোকে পরামর্শ দেয়া হলো :

১। কোনো ব্যাংক-কোম্পানীর 'উল্লেখযোগ্য শেয়ার ধারক' হতে ইচ্ছুক ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কোম্পানী ব্যাংক-কোম্পানী আইন ১৯৯১ এর ১৪খ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে সংযোজিত ছক-১ অনুযায়ী আবেদন করবেন। ছকে যাচিত সকল তথ্য আবশ্যিকীয়ভাবে প্রদান করতে হবে। তথ্য প্রদানের স্থান অপরিপূর্ণ হলে উপযুক্তরূপে চিহ্নিত সংযুক্তি প্রদান করা যাবে।

২। 'উল্লেখযোগ্য শেয়ার ধারক' হতে ইচ্ছুক ব্যক্তির ক্ষেত্রে তিনি স্বয়ং এবং প্রতিষ্ঠান বা কোম্পানীর ক্ষেত্রে তদকর্তৃক যথাযথভাবে অনুমোদিত একজন ব্যক্তি ছকে যাচিত সকল তথ্য পূরণ করবেন। অনুমোদিত ব্যক্তির দ্বারা ছক পূরণ ও পূর্বানুমোদনের আবেদন করা হলে প্রতিষ্ঠান বা কোম্পানী কর্তৃক অনুরূপ অনুমোদন প্রদানের প্রমাণপত্র সংশ্লিষ্ট ব্যাংক-কোম্পানী সংগ্রহ ও সংরক্ষণ করবে।

৩। পূরণকৃত ছক ও অতিরিক্ত তথ্যের সংযুক্তি (যদি থাকে) উল্লেখযোগ্য শেয়ার ধারণে ইচ্ছুক ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কোম্পানী সংশ্লিষ্ট ব্যাংক-কোম্পানীর কাছে প্রেরণ করবেন। অনুলিপি সংরক্ষণপূর্বক একটি অথবর্তী চিঠির মাধ্যমে সংশ্লিষ্ট ব্যাংক-কোম্পানী উক্ত আবেদন অনুমোদনের জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করবে।

৪। গ্রাহকদের পক্ষে কাস্টডিয়াল সেবা প্রদানকারী ব্যাংক-কোম্পানী/প্রতিষ্ঠানের শেয়ারহিসাবে সম্মিলিতভাবে কোনো ব্যাংক-কোম্পানীর মালিকানা স্বত্বের শতকরা পাঁচ ভাগের অধিক শেয়ার ধারণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের আবশ্যিকতা নেই। তবে, কাস্টডিয়াল সেবা গ্রহণকারী কোনো একক গ্রাহকের শেয়ারধারণের পরিমাণ শতকরা পাঁচ ভাগের অধিক হওয়ার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

৫। কোনো ব্যাংক-কোম্পানীর শেয়ারধারীদের মধ্যে এ সার্কুলার জারির অব্যবহিত পূর্বে বিদ্যমান উল্লেখযোগ্য শেয়ার ধারকদের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণের প্রয়োজন নেই, তবে ঐরূপ শেয়ার ধারকদের সম্পর্কিত তথ্য এতদসঙ্গে সংযোজিত ছক-২ অনুযায়ী আগামী একমাসের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে।

এ সার্কুলারের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(সাইফুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৫৫।

ব্যাংক-কোম্পানীর উল্লেখযোগ্য শেয়ার ধারণের আবেদনপত্র

মাধ্যমঃ ব্যাংক লিমিটেড (সংশ্লিষ্ট ব্যাংক-কোম্পানীর নাম)

আমি/আমরা ব্যাংক লিঃ এর উল্লেখযোগ্য শেয়ার ধারক হওয়ার জন্য আবেদন করছি এবং এতদুদ্দেশ্যে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১৪খ ধারার উপ-ধারা (২) এর বিধান মোতাবেক যাচিত তথ্য, বিবরণ ইত্যাদি নিম্নে সন্নিবেশিত করছি :

১। উল্লেখযোগ্য শেয়ার ধারক(গণের) নাম ও ঠিকানা :

(১)

(২)

২। উল্লেখযোগ্য শেয়ার ধারক(গণের) সিডিবিএল ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট আইডিসহ বেনিফিসিয়ারী ওনার্স হিসাবের বিবরণ :

(১)

(২)

৩। শেয়ার ক্রয়/অধিগ্রহণের প্রস্তাবিত তারিখ :

৪। (ক) ক্রয়/অধিগ্রহণের জন্য আবেদনকৃত শেয়ারের সংখ্যা :

(খ) ক্রয়/অধিগ্রহণের জন্য আবেদনকৃত শেয়ারের মোট অভিহিত মূল্য :

(গ) ক্রয়/অধিগ্রহণের জন্য আবেদনকৃত শেয়ারের বিপরীতে মোট প্রদেয় মূল্য :

৫। শেয়ার ক্রয়/অধিগ্রহণের প্রক্রিয়া :

(ক) পুঁজিবাজার লেনদেনের মাধ্যমে

(খ) সরাসরি ক্রয়/প্লেসমেন্টের মাধ্যমে

(গ) অন্যান্য (বিবরণ প্রদান করতে হবে)

৬। উল্লেখযোগ্য শেয়ার ধারকের শেয়ারধারণ সম্পর্কিত তথ্যাদি (শেয়ার ধারক একাধিক হলে পৃথকভাবে তথ্য প্রদান করতে হবে) :

(ক) আবেদনে উল্লিখিত ক্রয়/অধিগ্রহণের অব্যবহিত পূর্বে ধারণকৃত

- শেয়ারের সংখ্যা

--

- ব্যাংক-কোম্পানীর মোট
শেয়ারের শতকরা অংশ

--

(খ) আবেদনকৃত ক্রয়/অধিগ্রহণসহ ধারণকৃত

- শেয়ারের সংখ্যা

--

- ব্যাংক-কোম্পানীর মোট
শেয়ারের শতকরা অংশ

--

(গ) উল্লেখযোগ্য শেয়ার ধারক ব্যক্তির ক্ষেত্রে পরিবারের সদস্যদের ধারণকৃত (স্ত্রী, স্বামী, পিতা-মাতা, পুত্র-কন্যা, ভাই-বোন এবং ঐ ব্যক্তির নির্ভরশীল)

- শেয়ারের সংখ্যা

--

- ব্যাংক-কোম্পানীর মোট
শেয়ারের শতকরা অংশ

--

৭। আবেদনকারী কর্তৃক ব্যাংক-কোম্পানীর মালিকানা স্বত্বের শতকরা পাঁচ ভাগের অধিক শেয়ার ধারণের উদ্দেশ্য ও যৌক্তিকতা সম্বলিত বিবৃতি :

--

৮। অধিকতর তথ্য/মন্তব্য (যদি থাকে)

--

৯। আবেদনপত্র পূরণকারী সম্পর্কিত তথ্য :

(ক) নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর

(খ) পদবী (প্রযোজ্য ক্ষেত্রে)

(গ) প্রতিষ্ঠান/কোম্পানীর নাম ও ঠিকানা
(প্রযোজ্য ক্ষেত্রে)

আমি/আমরা এ মর্মে ঘোষণা প্রদান করছি যে ওপরে প্রদত্ত তথ্য সঠিক এবং কোনরূপ তথ্য গোপন করা হয়নি। আমি/আমরা আরও অবহিত আছি যে, ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান বা তথ্য গোপন করার ক্ষেত্রে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১০৯ ধারার (২) উপ-ধারায় অনধিক তিন বছর কারাদন্ড এবং অনধিক একলক্ষ টাকা অর্থদন্ডের বিধান রয়েছে।

তারিখঃ

উল্লেখযোগ্য শেয়ার ধারক(গণের)/অনুমোদিত ব্যক্তির স্বাক্ষর

(১)

(২)

উল্লেখযোগ্য শেয়ার ধারকদের বিবরণী
 ব্যাংক লিমিটেড
 তারিখ :

ক্রমিক	নাম	ডিপি আইডিসহ বিও হিসাবের বিবরণ	ধারণকৃত শেয়ারের সংখ্যা	ব্যাংক-কোম্পানীর মোট শেয়ারের শতকরা অংশ

স্বাক্ষর :

পদবী :